

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
শিক্ষা মন্ত্রণালয়
১, সোনারগাঁও রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা
www.bncu.gov.bd

ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০১৮-২০১৯ এর অধীন

প্রকল্প প্রস্তাব দাখিলের শর্তাবলী

- ০১। প্রকল্প প্রস্তাব প্রণয়নের জন্য ইউনেস্কো থেকে প্রেরিত নির্ধারিত ফরম ও নিয়মাবলী বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন থেকে অফিস চলাকালীন সময়ে ৫০০/- (পাঁচ শত) টাকার বিনিময়ে (অফেরৎযোগ্য) সংগ্রহ করা যাবে। হার্ড কপি হিসেবে প্রকল্প প্রস্তাবের ১০ (দশ) কপি এবং সফট কপি (সিডি/ইমেইল যোগে) বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (১, সোনারগাঁও রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫) ০৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বিকেল ৫ টার মধ্যে পৌছাতে হবে।
- ০২। ইউনেস্কো কর্তৃক প্রণীত নীতিমালা মোতাবেক নির্বাচিত প্রকল্পসমূহের বিবরণ ও তথ্যাদি বিএনসিইউ কর্তৃক অনলাইনে প্রেরণ করতে হবে বিধায় আবশ্যিকভাবে সকল প্রকল্প প্রস্তাবের সফট কপি natcombd@yahoo.com এবং gcpona@gmail.com ঠিকানায় পিডিএফ এবং ওয়ার্ড ফরম্যাটে প্রেরণ করতে হবে। বিএনসিইউ'র ওয়েবসাইট (www.bncu.gov.bd) থেকে ফরম ডাউনলোড করা যাবে।
- ০৩। অসম্পূর্ণ, বাঁধাই ছাড়া (হার্ড কপির ক্ষেত্রে) এবং ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০১৮-২০১৯ এর নির্দিষ্ট ফরম অনুসরণ করা হয়নি এমন কোন প্রকল্প প্রস্তাব বাছাইয়ের জন্য বিবেচিত হবে না। ফরমে যাচিত তথ্যের অতিরিক্ত কোন তথ্য/ডকুমেন্ট প্রদানের প্রয়োজন নেই।
- ০৪। প্রস্তাবিত প্রকল্পসমূহ ইউনেস্কোর পাঁচটি প্রধান কর্মক্ষেত্র ভিত্তিক অর্থাৎ (১) শিক্ষা, (২) বিজ্ঞান, (৩) সংস্কৃতি, (৪) সামাজিক ও মানবিক বিজ্ঞান (৫) যোগাযোগ ও তথ্য প্রযুক্তি বিষয়ক হতে হবে। বেসরকারি প্রতিষ্ঠান/এনজিওসমূহকে অবশ্যই সরকারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নিবন্ধিত হতে হবে।
- ০৫। প্রকল্প প্রস্তাবসমূহ জাতীয় পর্যায়ের হলে ইউনেস্কো থেকে প্রত্যাশিত অর্থের পরিমাণ সর্বোচ্চ ২৬ (ছাব্বিশ) হাজার মার্কিন ডলার, উপ-আঞ্চলিক পর্যায়ের হলে সে ক্ষেত্রে ২৮ (আটশ) হাজার মার্কিন ডলার এবং আঞ্চলিক/আন্তর্জাতিক পর্যায়ের হলে ৩৮ (আটত্রিশ) হাজার মার্কিন ডলারে সীমিত রাখতে হবে। (মূল ফরমের অনুচ্ছেদ ৮ দ্রষ্টব্য)।
- ০৬। মূল ফরমের ১১ নং ক্রমিকে “ব্যাংক হিসাব নম্বর” কলামে অবশ্যই “SA No: 101439, Secretary, Bangladesh National Commission for UNESCO, Agrani Bank, National Press Club Branch, Dhaka” লিখতে হবে।
- ০৭। কোন একটি মন্ত্রণালয়/সংস্থা সর্বাধিক ২ (দুইটি) প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবে।
- ০৮। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ হবে অনধিক ১ (এক) বছর এবং তা ইউনেস্কো কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।
- ০৯। সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থাসমূহকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্পসমূহ পাঠাতে হবে।
- ১০। নির্ধারিত সময়ের পর কোন প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না।
- ১১। প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ থেকে আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক বাছাইকৃত সীমিত সংখ্যক প্রকল্প প্রস্তাব ইউনেস্কো সদরদপ্তরে প্রেরণ করা হবে।
- ১২। উপর্যুক্ত বিষয়ে অতিরিক্ত কোন তথ্যের জন্য বিএনসিইউ এর প্রোগ্রাম অফিসার (ইউনেস্কো), মোঃ তাজউদ্দিন (ফোন: ৯৬৭৫০০২, ৯৬১২২৯৯৭, ০১৭১২২৯৩৮৮৯, gcpona@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন